

# যুগান্ত

## বশেমুরবিপ্রবি বন্ধ ঘোষণা, শিক্ষার্থীদের হল ছাড়ার নির্দেশ

প্রকাশ : ২১ সেপ্টেম্বর ২০১৯, ১২:৫৬ | অনলাইন সংস্করণ

গোপালগঞ্জ প্রতিনিধি



উপাচার্য খোন্দকার নাসির উদ্দিনের পদত্যাগের দাবিতে কয়েক দিন ধরে আন্দোলন করছেন শিক্ষার্থীরা।

এমন অবস্থায় আন্দোলন ঠেকাতে বিশ্ববিদ্যালয় বন্ধের সিদ্ধান্ত নিল প্রশাসন।

শিক্ষার্থীদের ধারাবাহিক  
আন্দোলনের মুখে  
গোপালগঞ্জের বঙ্গবন্ধু  
শেখ মুজিবুর রহমান  
বিজ্ঞান ও প্রযুক্তি  
বিশ্ববিদ্যালয়  
(বশেমুরবিপ্রবি) বন্ধ  
ঘোষণা করা হয়েছে।

একই সঙ্গে শিক্ষার্থীদের  
আজকের মধ্যে হল  
ছাড়ার নির্দেশ দিয়েছে  
বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ।

সহকারী প্রস্তর হুমায়ুন  
কবীর বিশ্ববিদ্যালয় বন্ধ  
ও শিক্ষার্থীদের  
হলত্যাগের নির্দেশের  
খবরের সত্যতা নিশ্চিত  
করেছেন।

বিশ্ববিদ্যালয়ের

তবে আগামী ৩ অক্টোবর থেকে বিশ্ববিদ্যালয় বন্ধের নির্ধারিত সময় থাকলেও ছুটি আগামীকাল রোববার থেকে করার সিদ্ধান্ত হয়েছে। এরই অংশ হিসেবে আজকের মধ্যে শিক্ষার্থীদের হল ছাড়তে বলা হয়েছে।

শিক্ষার্থীদের অভিযোগ, আজ সকাল থেকে হলে পানি ও বিদ্যুৎ সরবরাহ বন্ধ রয়েছে। ক্যাম্পাসে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর বিপুলসংখ্যক সদস্য মোতায়েন করা হয়েছে। সকালে শিক্ষার্থীদের ক্যাম্পাসে ঢুকতে বাধা দেয়া হয়। পথে ব্যারিকেড দেয়া হয়। পরে বেলা ১১টার দিকে আন্দোলনকারীদের চাপের মুখে ব্যারিকেড সরিয়ে ফেলা হয়।

প্রসঙ্গত বিশ্ববিদ্যালয় নিয়ে ফেসবুকে লেখার জেরে ১১ সেপ্টেম্বর আইন বিভাগের দ্বিতীয় বর্ষের শিক্ষার্থী ফাতেমা-তুজ-জিনিয়াকে সাময়িক বহিক্ষার করে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ।

এ নিয়ে সামাজিক যোগাযোগমাধ্যমে উপাচার্যের বিরুদ্ধে সমালোচনার ঝড় ওঠে।

বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগের চেয়ারম্যানসহ শিক্ষক-শিক্ষার্থীরা উপাচার্য বরাবর জিনিয়ার বহিক্ষারাদেশ প্রত্যাহার চেয়ে একটি লিখিত আবেদন করেন।

উপাচার্য বহিক্ষারাদেশ তুলে নেন। তবে শিক্ষার্থীরা উপাচার্যের পদত্যাগের দাবিতে জোর আন্দোলন গড়ে তোলেন।

ভারপ্রাণ সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।